

নির্বাচনি পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন-১

দ্বাদশ শ্রেণি

বিষয় কোডঃ ২৫৪

বিষয়ঃ হিসাববিজ্ঞান -২য় পত্র (সৃজনশীল)

সময়ঃ ৪৫ মিনিট

[বিঃ দ্রঃ সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

পূর্ণমান - ২০

১। ক, খ ও গ একটি অংশীদারি প্রতিষ্ঠানের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ৩ : ৩ : ২ অনুপাতে বন্টন করে নেয়। ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল : ক এর ৪০,০০০ টাকা, খ-এর ৪০,০০০ টাকা এবং গ এর ২০,০০০ টাকা। অংশীদারগণের মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। গ ব্যবসা হতে মাসিক ৫০০ টাকা করে বেতন পাবে এবং এই বেতনের টাকা সে এখন পর্যন্ত উত্তোলন করে নাই।

সম্ভাব্য লাভের প্রত্যাশায় ২০১৯ সালে ক-১০,০০০ টাকা, খ-১০,০০০ টাকা এবং গ-৬,০০০ টাকা ব্যবসায় হতে উত্তোলন করেছিল। এছাড়াও গ ব্যবসায় হতে ৪,০০০ টাকার পণ্য করে যা হিসাবভুক্ত হয়নি। ২০১৯ সালের ১ জুলাই তারিখে ক-৫,০০০ টাকা অতিরিক্ত মূলধনস্বরূপ সরবরাহ করে, পক্ষান্তরে ঐ একই তারিখে খ ৮,০০০ টাকা ঋণস্বরূপ ব্যবসায় আনয়ন করে। অংশীদারগণের উত্তোলনের সুদ ক-এর ২৫০ টাকা, খ-এর ২৫০ টাকা এবং গ-এর ১৫০ টাকা নির্ণয় করা হয়। গ-এর বেতনের টাকা ডেবিট করার পর কিছু উপরোক্ত অন্যান্য সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য ব্যবসায়ের লাভ ৬০,০০০ টাকায় উপনীত হল।

- (ক) অংশীদারদের মূলধনের সুদ নির্ণয় কর। ২
(খ) ক, খ ও গ এর লাভ-লোকসান আর্টন হিসাব প্রস্তুত কর। ৪
(গ) অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

২। ষ্টার কোম্পানি লিমিটেড এর আর্থিক অবস্থার বিবরণী ও অন্যান্য তথ্যাবলি নিম্নে দেওয়া হল:

ষ্টার কোম্পানি লিমিটেড
আর্থিক অবস্থার বিবরণী
৩১ ডিসেম্বর ২০১৯

দায়সমূহ	টাকা	সম্পদসমূহ	টাকা
শেয়ার মূলধন	২,২০,০০০	ব্যাংক জমা	৮,০০০
লাভলোকসান হিসাব	৫০,০০০	আসবাবপত্র	৩০,০০০
প্রদেয় হিসাব	২০,০০০	ভূমি ও দালানকোঠা	২,৩০,০০০
প্রদেয় নোট	১৫,০০০	মজুদ পণ্য	২০,০০০
বন্ধকী ঋণ	২৫,০০০	বিলম্বিত বিজ্ঞাপন	৭,০০০
অদাবীকৃত লভ্যাংশ	১০,০০০	প্রাপ্য হিসাব	৪০,০০০
		অগ্রিম বিমা সেলামি	৫,০০০
	<u>৩,৪০,০০০</u>		<u>৩,৪০,০০০</u>

অন্যান্য তথ্যাবলি:

বছরে বিক্রয়ের পরিমাণ ৩,৬০,০০০ টাকা, মোট লাভের পরিমাণ ১,৮০,০০০ টাকা, করবাদ নিট আয়ের পরিমাণ ছিল ৯০,০০০ টাকা এবং অনাদায়ী পাওনার পরিমাণ ছিল ৮,০০০ টাকা।

- (ক) চলতি অনুপাত নির্ণয় কর। ২
(খ) কার্যকরী মূলধন অনুপাত ও অনাদায়ী পাওনা অনুপাত নির্ণয় কর। ৪
(গ) মোটলাভ অনুপাত ও নিটলাভ অনুপাত নির্ণয় করে কোম্পানির দক্ষতা মূল্যায়ন কর। ৪